



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ
ফোন ৪ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৭৭১০৪৪২

E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০৯/২০/১৯৮

তারিখঃ ২০/০৪/২০২৬ খ্রি.

বিষয়: ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার লিখিত উত্তরপত্র বোর্ডে প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার লিখিত উত্তরপত্রের কভার পৃষ্ঠার প্রথম অংশ ও উত্তরপত্র (সৃজনশীল/রচনামূলক/বহুনির্বাচনী) প্রতিদিন পরীক্ষা শেষে ঐ দিনই ময়মনসিংহ শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় (ভবন- ২, খাগডহর বাজার) হাতে হাতে কেন্দ্র সচিব নিজে অথবা প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক মারফত পুলিশ প্রহরাসহ নিরাপত্তা হেফাজতে প্রেরণের ব্যবস্থা করতে হবে। যদি হাতে হাতে পরীক্ষার দিন প্রেরণ সম্ভব না হয় তাহলে প্রতিদিন পরীক্ষা শেষে সময় উল্লেখপূর্বক উত্তরপত্র ভর্তি বস্তা/প্যাকেট/বাক্সে সিলগালা করে থানা হেফাজতে রাখতে হবে এবং নিম্নলিখিত তারিখ সমূহে থানা থেকে নিয়ে সিলগালা না ভেঙ্গে থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ডাকযোগে বা অন্য কোন ব্যবস্থায় প্রেরণ করা যাবে না।

লিখিত উত্তরপত্র হাতে হাতে বোর্ডে জমাদানের তারিখ:

জেলার নাম	সময়	১ম কিস্তি ২৯/০৪/২০২৬ খ্রি. (রুধবার)	২য় কিস্তি ১৩/০৫/২০২৬ খ্রি. (বুধবার)	৩য় কিস্তি ২১/০৫/২০২৬ খ্রি. (বৃহস্পতিবার)
		নিম্নের তারিখ সমূহে অনুষ্ঠিত পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র	নিম্নের তারিখ সমূহে অনুষ্ঠিত পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র	নিম্নের তারিখ সমূহে অনুষ্ঠিত পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র
জামালপুর	সকাল ৯.০০ ঘটিকা	২১/০৪/২০২৬খ্রি.	৩০/০৪/২০২৬খ্রি.	১৩/০৫/২০২৬খ্রি.
শেরপুর ও নেত্রকোণা	বেলা ১১.৩০ ঘটিকা	২৩/০৪/২০২৬খ্রি.	০৩/০৫/২০২৬খ্রি.	১৪/০৫/২০২৬খ্রি.
		২৬/০৪/২০২৬খ্রি.	০৫/০৫/২০২৬খ্রি.	১৭/০৫/২০২৬খ্রি.
		২৮/০৪/২০২৬খ্রি.	০৭/০৫/২০২৬খ্রি.	২০/০৫/২০২৬খ্রি.
ময়মনসিংহ	বেলা ১: ৪৫ ঘটিকা	১০/০৫/২০২৬খ্রি.	১১/০৫/২০২৬খ্রি.	১২/০৫/২০২৬খ্রি.

বিঃদ্র: (১) প্রেরিত লিখিত উত্তরপত্রের বাস্তব/বস্তার উপর ভিন্ন কাগজে বিষয় ও বিষয় কোড লিখে জমা দিতে হবে।

(২) উত্তরপত্রের কভার পৃষ্ঠার প্রথম অংশ ও বহুনির্বাচনী উত্তরপত্র (OMR) ভবন- ০১, কাঠগোলা বাজার, ময়মনসিংহ এবং লিখিত উত্তরপত্র ভবন- ২ খাগডহর বাজার, ময়মনসিংহ এ জমা দিতে হবে।

প্রাপক

কেন্দ্র সচিব

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্র - ২০২৬

(প্রফেসর সৈয়দ আব্দুলজামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

ফোন : ০২- ৯৯৭৭১০৪৪২

Email : conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ২। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর;
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৫। অফিস কপি।

(মোহাম্মদ সিরাজুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ